Times Today BD

রিসালাত আলিফ | ক্যাম্পাস | 24 April, 2025

গবেষণা ও শিক্ষা জোরদারে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় (বাকৃবি) এবং থাইল্যান্ডের কাসেটসার্ট বিশ্ববিদ্যালয়ের (কেইউ) মধ্যে সমঝোতা স্মারক সই হয়েছে।

এর ফলে আগামী বছর থেকেই বাকৃবির অন্তত পাঁচজন শিক্ষার্থী কাসেটসার্ট বিশ্ববিদ্যালয়ে ইন্টার্নশিপের সুযোগ পাবে।

বৃহস্পতিবার (২৪ এপ্রিল) বিষয়টি নিশ্চিত করেন বাকৃবির ভেটেরিনারি অনুষদের ডিন অধ্যাপক ড. মো. বাহানুর রহমান।তিনি জানিয়েছেন, ২৪ এপ্রিল থেকেই এই চুক্তি কার্যকর হয়েছে এবং এটি পরবর্তী পাঁচ বছরের জন্য বলবৎ থাকবে।পারস্পরিক সম্মতিতে এর মেয়াদ আরও বাড়ানো যেতে পারে।

বাকৃবির পক্ষে চুক্তিতে স্বাক্ষর করেন উপাচার্য অধ্যাপক ড. এ কে ফজলুল হক ভূঁইয়া এবং ভেটেরিনারি অনুষদের ডিন অধ্যাপক ড. মো. বাহানুর রহমান। কাসেটসার্ট বিশ্ববিদ্যালয়ের পক্ষে স্বাক্ষর করেন ভারপ্রাপ্ত সভাপতি ড. দামরং শ্রীপরাম এবং ভেটেরিনারি অনুষদের ডিন সহকারী অধ্যাপক ড. খোংসাক থিয়াংতুম।

এই সমঝোতার আওতায় শিক্ষার্থী ও শিক্ষক বিনিময়, যৌথ গবেষণা প্রকল্প, ধারাবাহিক শিক্ষাবিষয়ক কার্যক্রম এবং দ্বিপাক্ষিক একাডেমিক ফোরাম ও সেমিনারে অংশগ্রহণের সুযোগ সৃষ্টি হবে।চুক্তিপত্রে উল্লেখ করা হয়েছে, ভবিষ্যতে নির্দিষ্ট প্রকল্প বা যৌথ উদ্যোগসমূহ পৃথক আইনি চুক্তির মাধ্যমে বাস্তবায়িত হবে যেখানে গোপনীয়তা, মেধাস্বত্ব, বিরোধ নিষ্পত্তি এবং

অন্যান্য গুরুত্বপূর্ণ আইনি বিষয়ে সুনির্দিষ্ট বিধান থাকবে।

অধ্যাপক বাহানুর বলেন, "এই সহযোগিতা আমাদের বৈশ্বিক একাডেমিক নেটওয়ার্ক সম্প্রসারণের এক গুরুত্বপূর্ণ পদক্ষেপ। এটি আমাদের শিক্ষার্থী ও গবেষকদের আন্তর্জাতিক অভিজ্ঞতা অর্জনের এবং যৌথ গবেষণায় অংশগ্রহণের সুযোগ করে দেবে।'

তিনি আরও বলেন, "এই অংশীদারিত্ব পশুচিকিৎসা শিক্ষার্থীদের ও শিক্ষকদের একাডেমিক অভিজ্ঞতা সমৃদ্ধ করবে। আমাদের বৈজ্ঞানিক জ্ঞান ও ব্যবহারিক দক্ষতা বিনিময়ের মাধ্যমে প্রাণিস্বাস্থ্য ও উৎপাদনের বৈশ্বিক চ্যালেঞ্জ মোকাবিলা করা সহজ হবে।'

উল্লেখ্য, থাইল্যান্ডের প্রথম কৃষি বিশ্ববিদ্যালয় ও থাইল্যান্ডের সবচেয়ে বড় সরকারি বিশ্ববিদ্যালয় কাসেটসার্ট, যা ১৯৪৩ সালে প্রতিষ্ঠিত হয়।

থাইল্যান্ড কাসেটসার্ট বিশ্ববিদ্যালয় ইন্টার্নশিপ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 12 June, 2025 03:23

URL: https://timestodaybd.com/public/campus/1405724402